

অধ্যায় ০৩

সরলরেখা

➤ HSC বোর্ড পরীক্ষার জন্য এই অধ্যায়ের গুরুত্বপূর্ণ টাইপসমূহ:

গুরুত্ব	টাইপ	HSC বোর্ড পরীক্ষায় যে বছর প্রশ্ন এসেছে	
		MCQ	CQ
☆☆☆	Q. Type-01: কার্তেসীয় ও পোলার স্থানাঙ্ক সংক্রান্ত	DB'22, 21, 17; RB'22, 21, 19; Ctg.B'21, SB'21, 17; BB'22, 19, 17; JB'22, 21, 19; CB'22, 17; Din.B'21, 17; All B'18	DB'19, 21; JB'21; Din.B'22
☆☆	Q. Type-02: দুইটি বিন্দুর দূরত্ব সম্পর্কিত	CB'21, 17	DB'22, 21; Ctg.B'21
☆☆☆	Q. Type-03: বিভাগ বিন্দু ও অনুপাত সংক্রান্ত	RB'22; Ctg.B'22; CB'17; MB'22	RB'21, 19; BB'22, CB'21; MB'21
☆☆☆	Q. Type-04: ক্ষেত্রফল সংক্রান্ত	CB'17; Din.B'21	DB'19; JB'21; CB'21; Din.B'22
☆☆	Q. Type-05: সঞ্চারণপথের সমীকরণ সংক্রান্ত	CB'21	Ctg.B'22; JB'22
☆☆☆	Q. Type-06: ঢাল সংক্রান্ত	DB'22; RB'19; Ctg.B'19; SB'21; BB'22; MB'22; All.B'18	RB'22, 21
☆☆☆	Q. Type-07: বিভিন্ন ধরনের সরলরেখার সমীকরণ নির্ণয়	RB'22, 19; Ctg.B'22, 21, 17; SB'22, 21, 19; BB'22, 21; JB'22, 19; CB'22, 21; MB'21	DB'22, 21; RB'22; Ctg.B'22, 21; SB'21; BB'21, 19; CB'22; Din.B'22, 19; MB'22, 21; All.B'18
☆☆☆	Q. Type-08: সমান্তরাল ও লম্ব হবার শর্ত ও সমীকরণ নির্ণয়	DB'21, 17; RB'22, 21; Ctg.B'22, 21; SB'22, 21, 17; BB'22, 21; JB'22, 21; CB'22, 21; Din.B'22, 21; MB'21; All.B'18	RB'22; SB'22; BB'22; JB'22; Din.B'22, 21; MB'22
☆	Q. Type-09: দুইটি সরলরেখার ছেদবিন্দুগামী সরলরেখার সমীকরণ সংক্রান্ত	BB'19; Din.B'19; MB'21	
☆☆	Q. Type-10: ত্রিভুজের বিভিন্ন ধরনের কেন্দ্র নির্ণয় সংক্রান্ত	RB'17; Din.B'19; All.B'18	RB'19; BB'22, 21; JB'21
☆☆	Q. Type-11: সমান্তরাল রেখাদ্বয়ের মধ্যবর্তী দূরত্ব নির্ণয় সংক্রান্ত	DB'22; RB'21; Ctg.B'19; SB'22, 21; JB'21; CB'21; All.B'18	RB'22, 21; BB'19; CB'21
☆☆	Q. Type-12: লম্ব দূরত্ব নির্ণয় সংক্রান্ত	DB'22; SB'22; BB'21	DB'22; SB'21; BB'21; CB'22
☆☆	Q. Type-13: দুটি রেখার অন্তর্ভুক্ত কোণ নির্ণয় সংক্রান্ত	RB'22,21; Din.B'21; MB'22	SB'21; BB'21; JB'22,21; Din.B'22, 21, 19
☆☆	Q. Type-14: কোণের সমদ্বিখণ্ডকদ্বয়ের সমীকরণ এবং কোণের সাপেক্ষে বিভিন্ন বিন্দুর অবস্থান সংক্রান্ত		Ctg.B'22, 21; SB'22; BB'22; CB'22, 21; Din.B'22, 21
☆	Q. Type-15: বিবিধ		CB'21

Type-01: কার্তেসীয় ও পোলার স্থানাঙ্ক সংক্রান্ত

→ Concept:

- কার্তেসীয় স্থানাঙ্ক (x, y) এর পোলার রূপ (r, θ) যেখানে, $r = \sqrt{x^2 + y^2}$
 $\theta = \tan^{-1} \frac{y}{x}$; [স্থানাঙ্কটি 1st Quadrant এর হলে]
 $\theta = \pi - \tan^{-1} \frac{|y|}{|x|}$; [স্থানাঙ্কটি 2nd Quadrant এর হলে]
 $\theta = -\pi + \tan^{-1} \frac{|y|}{|x|}$; [ঋণাত্মক কোণ] অথবা $\theta = \pi + \tan^{-1} \frac{|y|}{|x|}$ [ধনাত্মক কোণ] [স্থানাঙ্কটি 3rd Quadrant এর হলে]
 $\theta = -\tan^{-1} \frac{|y|}{|x|}$; [ঋণাত্মক কোণ] অথবা $\theta = 2\pi - \tan^{-1} \frac{|y|}{|x|}$ [ধনাত্মক কোণ] [স্থানাঙ্কটি 4th Quadrant এর হলে]
- (r, θ) পোলার স্থানাঙ্কের কার্তেসীয় রূপ (x, y) হলে, $x = r \cos \theta$ এবং $y = r \sin \theta$

MCQ প্রশ্ন ও সমাধান

- 01.
- $(1, 150^\circ)$
- বিন্দুর কার্তেসীয় স্থানাঙ্ক নিচের কোনটি?

[DB'22][Ans: b]

- (a) $\left(\frac{\sqrt{3}}{2}, \frac{1}{2}\right)$ (b) $\left(-\frac{\sqrt{3}}{2}, \frac{1}{2}\right)$
 (c) $\left(\frac{\sqrt{3}}{2}, -\frac{1}{2}\right)$ (d) $\left(-\frac{\sqrt{3}}{2}, -\frac{1}{2}\right)$

- 02.
- $(-1, -1)$
- বিন্দুটির পোলার স্থানাঙ্ক কোনটি?

[RB, BB, JB, CB'22; DB, RB, Ctg. B, SB, JB, Din.B'21; RB, BB'19; AILB'18, SB, CB, Din.B'17]

- (a) $(\sqrt{2}, -45^\circ)$ (b) $(\sqrt{2}, 45^\circ)$
 (c) $(\sqrt{2}, 135^\circ)$ (d) $(\sqrt{2}, 225^\circ)$

সমাধান: (d); $(-1, -1) \equiv (r, \theta)$

$$\Rightarrow r = \sqrt{(-1)^2 + (-1)^2} = \sqrt{2}$$

$$\theta = -\pi + \tan^{-1} \left| \frac{-1}{-1} \right| = -\pi + \frac{\pi}{4}$$

$$= \frac{-4\pi + \pi}{4} = \frac{-3\pi}{4} = -135^\circ$$

$$\text{অথবা, } \theta = \pi + \tan^{-1} \left| \frac{-1}{-1} \right| = \pi + \frac{\pi}{4} = \frac{8\pi}{4} = 225^\circ$$

$$\therefore (-1, -1) \equiv (\sqrt{2}, 225^\circ)$$

- 03.
- $r = 3 \cos \theta$
- এর কার্তেসীয় সমীকরণ কোনটি? [RB'21]

- (a) $x^2 + y^2 - 3x = 0$ (b) $x^2 + y^2 + 3x = 0$
 (c) $x^2 + y^2 - 3y = 0$ (d) $x^2 + y^2 + 3y = 0$

সমাধান: (a); $r = 3 \cos \theta$ বা, $r^2 = 3r \cos \theta$


$$\text{বা } x^2 + y^2 = 3x \therefore x^2 + y^2 - 3x = 0$$

04. কোনো বিন্দুর পোলার স্থানাঙ্ক
- $(5, 90^\circ)$
- হলে, কার্তেসীয় স্থানাঙ্ক হবে- [JB'19]

- (a)
- $(0, 0)$
- (b)
- $(0, 5)$
- (c)
- $(5, 0)$
- (d)
- $(5, 5)$

সমাধান: (b); পোলার স্থানাঙ্ক $(r, \theta) \equiv (5, 90^\circ)$ কার্তেসীয় স্থানাঙ্ক (x, y) হলে, $x = r \cos \theta = 5 \cos 90^\circ = 0$

$$\text{এবং } y = r \sin \theta = 5 \sin 90^\circ = 5 \therefore (x, y) \equiv (0, 5)$$



05. কোনো বিন্দুর কার্তেসীয় স্থানাঙ্ক
- $(-1, \sqrt{3})$
- হলে বিন্দুটির পোলার স্থানাঙ্ক হবে- [DB'17]

- (a)
- $\left(2, \frac{\pi}{3}\right)$
- (b)
- $\left(2, \frac{2\pi}{3}\right)$
- (c)
- $\left(2, \frac{-\pi}{3}\right)$
- (d)
- $\left(4, \frac{2\pi}{3}\right)$

সমাধান: (b); $(-1, \sqrt{3})$ বিন্দুটি ২য় চতুর্ভাগে অবস্থিত।

$$r = \sqrt{(-1)^2 + (\sqrt{3})^2} = 2$$

$$\theta = \pi - \tan^{-1} \left| \frac{\sqrt{3}}{-1} \right| = \pi - \frac{\pi}{3} = \frac{2\pi}{3}$$

$$\therefore \text{কার্তেসীয় স্থানাঙ্ক } \left(2, \frac{2\pi}{3}\right)$$

06. কোনো বিন্দুর পোলার স্থানাঙ্কের কোটি
- 90°
- হলে ঐ বিন্দুর কার্তেসীয় স্থানাঙ্কের ভূজ- [BB'17]

- (a)
- $x = r$
- (b)
- $x = 0$
- (c)
- $y = r$
- (d)
- $y = 0$

সমাধান: (b); $x = r \cos 90^\circ = 0$

CQ প্রশ্ন ও সমাধান

01. (ক)
- $(5, -5)$
- বিন্দুর পোলার স্থানাঙ্ক নির্ণয় কর। [Din.B'22]

সমাধান

ক. ধরি, $A = (5, -5) \therefore r = \sqrt{5^2 + (-5)^2} = 5\sqrt{2}$ A বিন্দুটি চতুর্থ চতুর্ভাগে অবস্থিত। $\therefore \theta = -\tan^{-1} \left| \frac{-5}{5} \right| = -\tan^{-1} |-1| = \frac{-\pi}{4}$


$$\therefore A \text{ কে পোলার স্থানাঙ্কে স্থানান্তর করে পাই, } \left(5\sqrt{2}, -\frac{\pi}{4}\right)$$

02. (ক) $(-\sqrt{3}, -1)$ বিন্দুর পোলার স্থানাঙ্ক নির্ণয় কর।

[DB'21]

সমাধান

ক. ধরি, $(-\sqrt{3}, -1) \equiv (x, y)$
 পোলার স্থানাঙ্কে, $r = \sqrt{x^2 + y^2} = \sqrt{4} = 2$
 $\theta = \tan^{-1} \frac{-1}{-\sqrt{3}} = -\pi + \tan^{-1} \frac{1}{\sqrt{3}} = -\frac{5\pi}{6}$
 \therefore পোলার স্থানাঙ্ক $(2, -\frac{5\pi}{6})$ (Ans.)




03. (ক) $(-3, -3)$ বিন্দুর পোলার স্থানাঙ্ক নির্ণয় কর।


[JB'21]

সমাধান

ক. $(x, y) \equiv (-3, -3)$
 $\therefore r = \sqrt{x^2 + y^2} = \sqrt{9 + 9} = 3\sqrt{2}$
 $\theta = -\pi + \tan^{-1} \frac{3}{3} = -\frac{3\pi}{4}$
 \therefore পোলার স্থানাঙ্ক $(3\sqrt{2}, -\frac{3\pi}{4})$ (Ans.)



04.



(ক) P বিন্দুর পোলার-স্থানাঙ্ক নির্ণয় কর।

[DB'19]

2


সমাধান

ক. $P(3, \sqrt{3}) \equiv P(x, y)$; $x = 3$; $y = \sqrt{3}$
 $\therefore r = \sqrt{x^2 + y^2} = \sqrt{3^2 + 3} = \sqrt{12}$
 $\Rightarrow \theta = \tan^{-1} \left(\frac{y}{x}\right) = \tan^{-1} \left(\frac{1}{\sqrt{3}}\right) = \frac{\pi}{6} \therefore P(3, \sqrt{3})$ এর পোলার স্থানাঙ্ক $(\sqrt{12}, \frac{\pi}{6})$ (Ans.)

Type-02: দুইটি বিন্দুর দূরত্ব সম্পর্কিত

Concept:

- (i) x অক্ষ হতে $P(x, y)$ বিন্দুর লম্ব দূরত্ব = $|y|$
 (ii) y অক্ষ হতে $P(x, y)$ বিন্দুর লম্ব দূরত্ব = $|x|$
 (iii) যদি (x_1, y_1) এবং (x_2, y_2) দ্বিমাত্রিক কার্তেসীয় স্থানাঙ্ক ব্যবস্থায় দুইটি বিন্দু হয়, তাহলে বিন্দুদ্বয়ের মধ্যবর্তী দূরত্ব, $d = \sqrt{(x_1 - x_2)^2 + (y_1 - y_2)^2}$ একক।
 (iv) যদি (r_1, θ_1) এবং (r_2, θ_2) দ্বিমাত্রিক পোলার স্থানাঙ্ক ব্যবস্থায় দুইটি বিন্দু হয় তাহলে বিন্দুদ্বয়ের মধ্যবর্তী দূরত্ব, $d = \sqrt{r_1^2 + r_2^2 - 2r_1r_2 \cos(\theta_1 - \theta_2)}$ একক। [Note: ~ চিহ্ন পার্থক্য নির্দেশ করে।]



MCQ প্রশ্ন ও সমাধান

নিচের উদ্দীপকের আলোকে পরবর্তী প্রশ্নের উত্তর দাও:

$P(x, y)$, $Q(2, -2)$ এবং $R(0, 4)$ বিন্দুত্রয় একটি ত্রিভুজের শীর্ষবিন্দু।

01. (i) QR এর মধ্যবিন্দুর স্থানাঙ্ক $(1, 1)$

[CB'21]

(ii) QR এর সমান্তরাল রেখার ঢাল 3

(iii) QR এর দৈর্ঘ্য $2\sqrt{10}$

নিচের কোনটি সঠিক?

(a) i, ii

(b) i, iii


(c) ii, iii

(d) i, ii, iii

সমাধান: (b); QR এবং এর সমান্তরাল ঢাল, $m = \frac{4+2}{0-2} = -3$, $QR = \sqrt{(2-0)^2 + (4+2)^2} = 2\sqrt{10}$ একক।



নিচের উদ্দীপকের আলোকে পরবর্তী প্রশ্নটির উত্তর দাও:



চিত্রে CD, AB বাহুর উপর অঙ্কিত মধ্যমা।


02. CD এর দৈর্ঘ্য কত একক?

- (a) 10 (b) 4 (c) 5 (d) 3

[CB'17]

সমাধান: (c); $D \equiv \left(\frac{-3+7}{2}, \frac{-3-1}{2}\right) \equiv (2, -2) \therefore CD = \sqrt{(2-5)^2 + (-2-2)^2} = 5$ একক।

CQ প্রশ্ন ও সমাধান




[DB'22]

(গ) দেখাও যে, ABCD একটি রম্বস।

4

সমাধান

গ.



$$AB = 4x + 3y - 12 = 0 \Rightarrow 4x + 3y = 12 \quad \left| \quad CD = 4x + 3y + 12 = 0 \Rightarrow 4x + 3y = -12 \right.$$

$$\therefore \frac{x}{3} + \frac{y}{4} = 1 \dots \dots \dots (i) \quad \left| \quad \therefore \frac{x}{-3} + \frac{y}{-4} = 1 \dots \dots \dots (ii) \right.$$

(i) ও (ii) সমীকরণ হতে A, B, C, D বিন্দুসমূহ চিহ্নিত করে পাই, A(3, 0), B(0, 4), C(-3, 0), D(0, -4)

$$\text{এখন, } AB = \sqrt{(3-0)^2 + (0-4)^2} = 5$$

$$BC = \sqrt{(0+3)^2 + (4-0)^2} = 5$$

$$CD = \sqrt{(-3-0)^2 + (0+4)^2} = 5$$

$$AD = \sqrt{(3-0)^2 + (0+4)^2} = 5$$

$$\text{আবার, } AC = \sqrt{(3+3)^2 + 0} = 6$$

$$BD = \sqrt{0 + (4+4)^2} = 8$$

এখানে, $AB = BC = CD = AD$ এবং $AC \neq BD$

অর্থাৎ, ABCD চতুর্ভুজের চারটি বাহু পরস্পর সমান এবং কর্ণদ্বয় অসমান। সুতরাং, ABCD একটি রম্বস।

02. (ক) Y-অক্ষ ও (2, 2) বিন্দু থেকে (a, 5) বিন্দুটির দূরত্ব সমান হলে, a এর মান নির্ণয় কর।

[DB'21]

সমাধান

ক. y-অক্ষ থেকে (a, 5) বিন্দুর দূরত্ব a একক।

$$\therefore \sqrt{(a-2)^2 + (5-2)^2} = a \Rightarrow a^2 - 4a + 4 + 9 = a^2 \text{ [বর্গ করে]} \Rightarrow -4a + 4 + 9 = 0 \Rightarrow a = \frac{13}{4} \text{ (Ans.)}$$

03. (ক) (3, 4) এবং (-1, 1) বিন্দুর দূরত্ব নির্ণয় কর।

সমাধান

ক. (3, 4) ও (-1, 1) বিন্দুর দূরত্ব $d = \sqrt{\{3 - (-1)\}^2 + (4 - 1)^2} = \sqrt{3^2 + 4^2} = \sqrt{25} = 5$ একক (Ans.)

Type-03: বিভাগ বিন্দু ও অনুপাত সংক্রান্ত

Concept:

অন্তর্বিভক্ত:

(i) (x_1, y_1) ও (x_2, y_2) বিন্দুদ্বয়ের সংযোগ রেখাংশকে (x, y) বিন্দুটি $m_1 : m_2$ অনুপাতে অন্তর্বিভক্ত করলে,

$$x = \frac{m_1x_2 + m_2x_1}{m_1 + m_2}; y = \frac{m_1y_2 + m_2y_1}{m_1 + m_2}$$

(ii) (x_1, y_1) ও (x_2, y_2) বিন্দুদ্বয়ের সংযোগ রেখাংশকে (x, y) বিন্দুটি $k : 1$ অনুপাতে অন্তর্বিভক্ত করলে, $x = \frac{kx_2 + x_1}{k+1}$; $y = \frac{ky_2 + y_1}{k+1}$

(iii) (x_1, y_1) ও (x_2, y_2) বিন্দুদ্বয়ের সংযোগ রেখাংশের মধ্যবিন্দু (x, y) হলে, $x = \frac{x_1 + x_2}{2}$; $y = \frac{y_1 + y_2}{2}$

বহির্বিভক্তি:

(i) (x_1, y_1) ও (x_2, y_2) বিন্দুদ্বয়ের সংযোগ রেখাংশকে (x, y) বিন্দুটি $m_1 : m_2$ অনুপাতে বহির্বিভক্ত করলে,

$$x = \frac{m_1x_2 - m_2x_1}{m_1 - m_2}; y = \frac{m_1y_2 - m_2y_1}{m_1 - m_2}$$

(ii) (x_1, y_1) ও (x_2, y_2) বিন্দুদ্বয়ের সংযোগ রেখাংশকে (x, y) বিন্দুটি $k : 1$ অনুপাতে বহির্বিভক্ত করলে, $x = \frac{kx_2 - x_1}{k-1}$; $y = \frac{ky_2 - y_1}{k-1}$

Shortcut:

$A(x_1, y_1)$ এবং $B(x_2, y_2)$ এর সংযোগ সরলরেখাকে-

(i) $ax + by + c = 0$ সরলরেখাটি যদি $m_1 : m_2$ অনুপাতে বিভক্ত করে তাহলে, $\frac{m_1}{m_2} = \frac{ax_1 + by_1 + c}{ax_2 + by_2 + c}$

(ii) x অক্ষ [$y = 0$ রেখা] যদি $m_1 : m_2$ অনুপাতে বিভক্ত করে তাহলে, $\frac{m_1}{m_2} = \frac{y_1}{y_2}$ [কোটিদ্বয়ের অনুপাত]

(iii) y অক্ষ [$x = 0$ রেখা] যদি $m_1 : m_2$ অনুপাতে বিভক্ত করে তাহলে, $\frac{m_1}{m_2} = \frac{x_1}{x_2}$ [ভূজদ্বয়ের অনুপাত]

Note: অনুপাতে (+ve) হলে বহির্বিভক্তি এবং অনুপাত (-ve) হলে অন্তর্বিভক্তি নির্দেশ করে।

MCQ প্রশ্ন ও সমাধান

01. $(-2, 4)$ এবং $(8, -10)$ বিন্দুদ্বয়ের সংযোজক রেখাকে 2:3 অনুপাতে বহির্বিভক্তকারী বিন্দুর স্থানাঙ্ক কোনটি? [RB'22]

(a) $(-22, 8)$ (b) $(22, -8)$

(c) $(-22, 32)$ (d) $(22, -32)$

সমাধান: (c); $\therefore x = \frac{2 \times 8 - 3 \times (-2)}{2-3} = \frac{16+6}{-1} = -22$

$\therefore y = \frac{2 \times (-10) - 3 \times (4)}{2-3} = \frac{-20-12}{-1} = 32$

$\therefore R = R(-22, 32)$

02. $A(3, -2), B(4, 6)$ এবং $C(5, 7)$ কোনো ত্রিভুজের শীর্ষবিন্দু হলে- [Ctg.B'22]

(i) ভরকেন্দ্র $(4, \frac{11}{3})$ (ii) BC এর মধ্যবিন্দু $(\frac{9}{2}, \frac{13}{2})$

(iii) AB এর সমীকরণ $8x - y - 26 = 0$

নিচের কোনটি সঠিক?

(a) i, ii (b) i, iii (c) ii, iii (d) i, ii, iii

সমাধান: (d); ভরকেন্দ্র $\equiv (\frac{3+4+5}{3}, \frac{-2+6+7}{3})$

$= (4, \frac{11}{3})$ BC এর মধ্যবিন্দু $= (\frac{9}{2}, \frac{13}{2})$

AB এর সমীকরণ $\Rightarrow \frac{y+2}{-2-6} = \frac{x-3}{3-4}$

$\Rightarrow -y - 2 = -8x + 24 \Rightarrow 8x - y - 26 = 0$

03. $(-3, -4)$ ও $(6, 2)$ বিন্দুদ্বয়ের সংযোগ রেখাটিকে y - অক্ষরেখা যে অনুপাতে অন্তর্বিভক্ত করে, তা হলো [MB'22]

(a) 2:1 (b) 1:2 (c) 2:3 (d) 3:2

সমাধান: (b); বিন্দুটি $(0, y)$; ধরি, 1:k অনুপাতে বিভক্ত

করে $\therefore R = (\frac{-3k+6}{1+k}, \frac{-4k+2}{1+k})$

এখন, $\frac{-3k+6}{1+k} = 0 \Rightarrow -3k + 6 = 0$

$\Rightarrow -3k = -6 \therefore k = 2 \therefore 1:2$ অনুপাতে।

Shortcut: নির্ণেয় অনুপাত = $-(\text{ভূজদ্বয়ের অনুপাত})$

04. $A(1, -2)$ ও $B(-8, 1)$ বিন্দুদ্বয়ের সংযোজক রেখাংশ BA কে 2:1 অনুপাতে অন্তর্বিভক্তকারী বিন্দুর স্থানাঙ্ক নিচের কোনটি? [CB'17]


(a) $(-5, -1)$ (b) $(-2, -1)$

(c) $(-2, -0)$ (d) $(-5, 0)$

সমাধান: (b); $\bullet \xrightarrow{1} \bullet \xrightarrow{2} \bullet$
A(1,-2) C(x,y) B(-8,1)

C বিন্দুর স্থানাঙ্ক $\equiv (\frac{-8+2}{3}, \frac{1-4}{3}) \equiv (-2, -1)$

CQ প্রশ্ন ও সমাধান



[BB'22]

(খ) সমত্রিখণ্ডন বিন্দুদ্বয়ের স্থানাঙ্ক নির্ণয় কর।

4


সমাধান

ধরি, AB এর সমত্রিখণ্ডক বিন্দুদ্বয় P ও Q। এক্ষেত্রে, P ও Q বিন্দুদ্বয় AB কে যথাক্রমে 1:2 এবং 2:1 অনুপাতে অন্তর্বিভক্ত করে।

$$\therefore P \text{ বিন্দুর স্থানাঙ্ক } \left(\frac{1 \times 0 + 2 \times \frac{5}{2}}{1+2}, \frac{1 \times \frac{3}{2} + 2 \times 0}{1+2} \right) = \left(\frac{5}{3}, \frac{1}{2} \right)$$

$$\therefore Q \text{ বিন্দুর স্থানাঙ্ক } \left(\frac{2 \times 0 + 1 \times \frac{5}{2}}{1+2}, \frac{2 \times \frac{3}{2} + 1 \times 0}{1+2} \right) = \left(\frac{5}{6}, 1 \right)$$

$$\therefore AB \text{ এর সমত্রিখণ্ডক বিন্দুদ্বয় যথাক্রমে } \left(\frac{5}{3}, \frac{1}{2} \right) \text{ এবং } \left(\frac{5}{6}, 1 \right)$$



[CB'22]

(ক) AM রেখাটি x-অক্ষ দ্বারা যে অনুপাতে অন্তর্বিভক্ত হয়, তা নির্ণয় কর।

2


সমাধান

ক. দেওয়া আছে, A(-2, -6) ও M(4, 3)

মনেকরি, AM রেখাটি x-অক্ষ দ্বারা k: 1 অনুপাতে অন্তর্বিভক্ত হয়।

$$\text{প্রশ্নমতে, } \frac{3k-6}{k+1} = 0 \Rightarrow 3k = 6 \therefore k = 2$$

সুতরাং, AM রেখাটি x-অক্ষ দ্বারা 2:1 অনুপাতে অন্তর্বিভক্ত হয়।



[RB'21]

(গ) O বিন্দু এবং EC রেখার সমত্রিখণ্ডন বিন্দুদ্বয়ের সংযোগ রেখার সমীকরণ নির্ণয় কর।

4


সমাধান

গ. 'খ' হতে

$$CD \text{ রেখার সমীকরণ } x - y + 6 = 0 \dots \dots \dots (i)$$

$$AB \text{ রেখার সমীকরণ } x + y - 4 = 0 \dots \dots \dots (ii)$$

(i) ও (ii) হতে পাই, $4 - x = x + 6$ বা, $x = -1$ এবং $y = 5 \therefore c \equiv (-1, 5)$ এবং $E \equiv (-6, 0)$



$$EC \text{ রেখাকে P বিন্দু } 2:1 \text{ অনুপাতে অন্তর্বিভক্ত করলে } p(x_1, y_1) = \left(\frac{-2-6}{3}, \frac{10+0}{3} \right) = \left(-\frac{8}{3}, \frac{10}{3} \right)$$

আবার, $Q(x_2, y_2)$ বিন্দু EC রেখাকে 1:2 অনুপাতে বিভক্ত করলে $Q(x_2, y_2) = \left(\frac{-1-12}{3}, \frac{5+0}{3}\right) = \left(\frac{-13}{3}, \frac{5}{3}\right)$

OP রেখার সমীকরণ, $y = \frac{\frac{10}{3}}{\frac{3}{8}}x \Rightarrow -8y - 10x \Rightarrow 5x + 4y = 0$

OQ রেখার সমীকরণ, $y = \frac{\frac{5}{3}}{\frac{3}{13}}x \Rightarrow -13y = 5x \Rightarrow 5x + 13y = 0$

নির্ণেয় সমীকরণদ্বয়, $5x + 4y = 0 \Rightarrow 5x + 13y = 0$ (Ans.)

04. (ক) $(-2, 3)$ ও $(1, 2)$ বিন্দুদ্বয়ের সংযোগ রেখাংশকে 3:2 অনুপাতে বহির্বিভক্তকারী বিন্দুর স্থানাঙ্ক নির্ণয় কর। [MB'21]

সমাধান

ক. নির্ণেয় বিন্দুর স্থানাঙ্ক $(x, y) \equiv \left(\frac{3 \times 1 - 2(-2)}{3-2}, \frac{3 \times 2 - 2 \times 3}{3-2}\right) \equiv (7, 0)$ (Ans.)

05. একটি সরলরেখার সমীকরণ $4x - 3y + c = 0$ এর উপর দুটি বিন্দু $P(4, 3)$ ও $Q(-8, -5)$ [RB'19]

(ক) PQ রেখাকে x-অক্ষ যে অনুপাতে বিভক্ত করে তা বের কর। 2

সমাধান


ক. ধরি, L হল নির্ণেয় বিন্দু $\begin{matrix} m & n \\ \hline P(4,3) & L(P,0) & Q(-8,-5) \end{matrix}$

যা x - অক্ষের উপর অবস্থিত, যা m:n অনুপাত বিভক্ত করেছে

$\therefore \frac{-5m+3n}{m+n} = 0$; $5m = 3n \Rightarrow \frac{m}{n} = \frac{3}{5}$ [x-অক্ষের উপর কোনো বিন্দুর কোটি 0]

\therefore PQ রেখাকে x অক্ষ 3:5 অনুপাতে বিভক্ত করে।

বিকল্প:



Type-04: ক্ষেত্রফল সংক্রান্ত

→ Concept:


(i) ত্রিভুজের ক্ষেত্রফল:

$\Delta ABC = \frac{1}{2}[x_1(y_2 - y_3) + x_2(y_3 - y_1) + x_3(y_1 - y_2)]$ বর্গ একক

$$= \frac{1}{2} \begin{vmatrix} x_1 & y_1 & 1 \\ x_2 & y_2 & 1 \\ x_3 & y_3 & 1 \end{vmatrix} = \frac{1}{2} \begin{vmatrix} x_1 & x_2 & x_3 \\ y_1 & y_2 & y_3 \\ 1 & 1 & 1 \end{vmatrix} \text{ বর্গ একক}$$

$$= \frac{1}{2} \begin{vmatrix} x_1 & x_2 & x_3 & x_1 \\ y_1 & y_2 & y_3 & y_1 \\ (-) & (-) & (+) & (+) & (+) \end{vmatrix}$$

$$= \frac{1}{2} \begin{vmatrix} 0 & x_2-x_1 & x_3-x_1 & 0 \\ 0 & y_2-y_1 & y_3-y_1 & 0 \\ (-) & & & (+) \end{vmatrix} \begin{matrix} \leftarrow \text{সকল ভুক্তি থেকে } x_1 \text{ বিয়োগ করে} \\ \leftarrow \text{সকল ভুক্তি থেকে } y_1 \text{ বিয়োগ করে} \end{matrix}$$



সমাধান

৬. দেওয়া আছে, $OA = 4$, $OB = 2$, $OC = 3$ এবং $AP = PQ = QB$

O বিন্দুর স্থানাঙ্ক $(0, 0)$

A বিন্দুর স্থানাঙ্ক $(4, 0)$

B বিন্দুর স্থানাঙ্ক $(0, -2)$

C বিন্দুর স্থানাঙ্ক $(0, 3)$

চিত্র হতে পাই,


BA রেখাংশকে Q বিন্দু 1:2 এবং P বিন্দু 2:1 অনুপাত অন্তর্বিভক্ত করে।

$$\therefore Q \text{ বিন্দুর স্থানাঙ্ক} = \left(\frac{1 \times 4 + 2 \times 0}{1+2}, \frac{1 \times 0 + 2 \times (-2)}{1+2} \right) = \left(\frac{4}{3}, \frac{-4}{3} \right)$$


$$\therefore P \text{ বিন্দুর স্থানাঙ্ক} = \left(\frac{2 \times 4 + 1 \times 0}{1+2}, \frac{2 \times 0 + 1 \times (-2)}{1+2} \right) = \left(\frac{8}{3}, \frac{-2}{3} \right)$$

$$\therefore \Delta OPQ \text{ এর ক্ষেত্রফল} = \frac{1}{2} \begin{vmatrix} 0 & 0 & 1 \\ \frac{4}{3} & -\frac{4}{3} & 1 \\ \frac{8}{3} & -\frac{2}{3} & 1 \end{vmatrix} = \frac{1}{2} \left(\frac{-8}{9} + \frac{32}{9} \right) = \frac{24}{18} = \frac{4}{3} \text{ বর্গএকক?}$$

$$\therefore \Delta OPQ \text{ এর ক্ষেত্রফল } \frac{4}{3} \text{ বর্গএকক}$$



02. দৃশ্যকল্প:



AB রেখার সমীকরণ $2x + 3y = 12$ এবং CD রেখার উপর $(6, 4)$ একটি বিন্দু।

[JB'21]

(খ) $AB \parallel CD$ এবং CD রেখার সমত্রিখণ্ডক বিন্দুদ্বয় P ও Q হলে, ΔOPQ এর ক্ষেত্রফল বের কর।

4

সমাধান

৬. $CD \parallel AB$

\therefore CD রেখার সমীকরণ, $2x + 3y = k \dots\dots\dots$ (i)

এটি $(6, 4)$ বিন্দুগামী। $\therefore k = 2 \times 6 + 3 \times 4 = 24$

\therefore CD রেখার সমীকরণ $2x + 3y = 24 \Rightarrow \frac{x}{12} + \frac{y}{8} = 1 \dots\dots\dots$ (ii)

\therefore C বিন্দুর স্থানাঙ্ক, $(12, 0)$; D বিন্দুর স্থানাঙ্ক $(0, 8)$


\therefore P বিন্দুর স্থানাঙ্ক, $\left(\frac{12 \times 2 + 0}{2+1}, \frac{0 \times 2 + 8}{2+1} \right) \equiv \left(8, \frac{8}{3} \right)$

Q বিন্দুর স্থানাঙ্ক, $\left(\frac{12 + 0 \times 2}{1+2}, \frac{0 \times 1 + 8 \times 2}{1+2} \right) = \left(4, \frac{16}{3} \right)$


$$\therefore OPQ \text{ ত্রিভুজের ক্ষেত্রফল, } \Delta = \frac{1}{2} \begin{vmatrix} 0 & 0 & 1 \\ 8 & \frac{8}{3} & 1 \\ 4 & \frac{16}{3} & 1 \end{vmatrix} = \frac{1}{2} \left(\frac{128}{3} - \frac{32}{3} \right) \text{ বর্গএকক} = 16 \text{ বর্গএকক (Ans.)}$$

03.

[CB'21]



উদ্দীপক ১



উদ্দীপক ২

(খ) উদ্দীপক-১ এর প্রদর্শিত ABC ত্রিভুজের ক্ষেত্রফলের সাহায্যে A বিন্দু হতে BC এর উপর অঙ্কিত লম্বের দৈর্ঘ্য নির্ণয় কর।


4

সমাধান

৯. ΔABC এর ক্ষেত্রফল = $\frac{1}{2} \begin{vmatrix} -3 & 9 & 1 \\ -3 & -2 & 1 \\ 5 & -8 & 1 \end{vmatrix}$

= $\frac{1}{2}[-3(-2+8) - 9(-3-5) + 1(24+10)] = \frac{1}{2}(88)$ বর্গ একক = 44 বর্গ একক

শর্তমতে, $\frac{1}{2} \times \sqrt{(-3-5)^2 + (8-2)^2} \times h = 44 \Rightarrow \frac{1}{2} \times 10 \times h = 44 \Rightarrow h = \frac{44}{5}$ একক (Ans.)



[DB'19]

(খ) $AQ : QB = 2 : 3$ হলে, ΔPQB এর ক্ষেত্রফল নির্ণয় কর।

4


সমাধান

৯. $B(0, 2)$ $Q(x, y)$ $A(3, 0)$; ধরি, Q বিন্দুর স্থানাঙ্ক (x, y)

$\frac{AQ}{BQ} = \frac{2}{3} \therefore Q$ এর স্থানাঙ্ক $\equiv \left(\frac{2 \times 0 + 3 \times 3}{2+3}, \frac{2 \times 2 + 3 \times 0}{2+3} \right) \equiv \left(\frac{9}{5}, \frac{4}{5} \right)$

এখন, ΔPQB এ, $P(3, \sqrt{3})$; $Q\left(\frac{9}{5}, \frac{4}{5}\right)$ ও $B(0, 2)$

$\therefore \Delta PQB$ এর ক্ষেত্রফল = $\left| \frac{1}{2} \begin{vmatrix} 3 & \sqrt{3} & 1 \\ \frac{9}{5} & \frac{4}{5} & 1 \\ 0 & 2 & 1 \end{vmatrix} \right|$ বর্গ একক।



= $\left| \frac{1}{2} \left\{ 3 \left(\frac{4}{5} - 2 \right) - \sqrt{3} \left(\frac{9}{5} \right) + 1 \left(\frac{9}{5} \times 2 \right) \right\} \right|$ বর্গ একক। = $\left| \frac{1}{2} \times -\frac{9\sqrt{3}}{5} \right|$ বর্গ একক। = $\frac{9\sqrt{3}}{10}$ বর্গ একক। (Ans.)

Type-05: সঞ্চারণপথের সমীকরণ সংক্রান্ত

Tips:

প্রশ্নে প্রদত্ত শর্তসমূহ ব্যবহার করে একটি সেটের সকল বিন্দুর জন্য x ও y এর মধ্যে সাধারণ সম্পর্ক বের করতে হবে।
 x ও y সম্বলিত এই সমীকরণ টাই হবে সঞ্চারণপথ।

MCQ প্রশ্ন ও সমাধান

নিচের উদ্দীপকের আলোকে পরবর্তী প্রশ্নের উত্তর দাও:

$P(x, y)$, $Q(2, -2)$ এবং $R(0, 4)$ বিন্দুত্রয় একটি ত্রিভুজের শীর্ষবিন্দু।

01. P হতে QR এর উপর মধ্যমার দৈর্ঘ্য $\sqrt{3}$ একক হলে, মধ্যমাটির সমীকরণ নিচের কোনটি? [CB'21]


(a) $x^2 + y^2 + 2x + 2y = 1$

(b) $x^2 + y^2 + 2x - 2y = 1$

(c) $x^2 + y^2 - 2x - 2y = 1$

(d) $x^2 + y^2 - 2x + 2y = 1$

সমাধান: (c); QR এর মধ্যবিন্দু $\equiv S\left(\frac{2+0}{2}, \frac{-2+4}{2}\right) \equiv (1, 1) \therefore (x-1)^2 + (y-1)^2 = 3 \Rightarrow x^2 + y^2 - 2x - 2y = 1$



CQ প্রশ্ন ও সমাধান

01. (ক) $(3, -11)$ বিন্দু থেকে সর্বদা 5 একক দূরত্বে অবস্থিত কোনো চলমান বিন্দুর সঞ্চারণপথের সমীকরণ নির্ণয় কর। [Ctg.B'22]

সমাধান

ক. মনে করি, বিন্দুটি (x, y)

$$\text{প্রশ্নমতে, } \sqrt{(3-x)^2 + (-11-y)^2} = 5 \Rightarrow (x-3)^2 + (y+11)^2 = 5^2 \\ \Rightarrow x^2 - 6x + 9 + y^2 + 22y + 121 = 25 \therefore x^2 + y^2 - 6x + 22y + 105 = 0 \text{ (Ans.)}$$

02. $L(2, -1)$, $M(-3, 3)$ এবং $2x - y + 1 = 0$.

[JB'22]

(ক) $(1, 1)$ বিন্দু থেকে যে সকল বিন্দুর দূরত্ব সর্বদাই 5 একক, ঐ সকল বিন্দুর সঞ্চারণ পথের সমীকরণ নির্ণয় কর।

2

সমাধান

ক. আমরা জানি, দুটি বিন্দুর মধ্যবর্তী দূরত্ব, $d = \sqrt{(x_2 - x_1)^2 + (y_2 - y_1)^2}$

ধরি, $A(1, 1)$ এবং $B(x, y)$ এবং দূরত্ব, $d = 5$

$$\therefore 5 = \sqrt{(x-1)^2 + (y-1)^2} \Rightarrow (x-1)^2 + (y-1)^2 = 25$$

$$\Rightarrow x^2 - 2x + 1 + y^2 - 2y + 1 - 25 = 0 \Rightarrow x^2 + y^2 - 2x - 2y - 23 = 0$$

$$\therefore \text{বিন্দুটির সঞ্চারণ পথের সমীকরণ: } x^2 + y^2 - 2x - 2y - 23 = 0$$

Type-06: ঢাল সংক্রান্ত

→ Concept:

কোনো সরলরেখা (যা x -অক্ষের উপর লম্ব নয়) x -অক্ষের ধনাত্মক দিকের সাথে যে কোণ উৎপন্ন করে সেই কোণের ত্রিকোণমিতিক ট্যানজেন্টের মানকে রেখাটির ঢাল বলে।


ঢালকে সাধারণত m দ্বারা সূচিত করা হয়। AB সরলরেখা x -অক্ষের ধনাত্মক দিকের সাথে θ ($0^\circ \leq \theta < 180^\circ$; $\theta \neq 90^\circ$) কোণ উৎপন্ন করলে, তার ঢাল $m = \tan \theta$ । ভূজ এর প্রতি একক পরিবর্তনের সাথে সাথে কোটির পরিবর্তনের হারই ঢাল।

(i) (x_1, y_1) এবং (x_2, y_2) বিন্দুগামী সরলরেখার ঢাল, $m = \frac{(y_1 - y_2)}{(x_1 - x_2)} = \frac{(y_2 - y_1)}{(x_2 - x_1)} = \frac{\text{কোটির অক্ষের অন্তর}}{\text{ভূজের অন্তর}}$

(ii) $ax + by + c = 0$ সরলরেখার ঢাল, $m = -\frac{a}{b} = -\frac{x \text{ এর সহগ}}{y \text{ এর সহগ}}$

MCQ প্রশ্ন ও সমাধান

নিচের তথ্যের আলোকে পরবর্তী প্রশ্নের উত্তর দাও:



01. AB এর ঢাল কত?

[DB'22]

(a) $-\frac{1}{2}$ (b) $\frac{3}{4}$ (c) $-\frac{3}{4}$ (d) $-\frac{4}{3}$

সমাধান: (a); $m = \frac{-3-0}{0-(-6)} = -\frac{3}{6} = -\frac{1}{2}$

02. $4x - 8y + 23 = 0$ রেখার ঢাল কত?

[BB'22]

(a) $-\frac{1}{2}$ (b) $\frac{1}{2}$ (c) -2 (d) 2

সমাধান: (b); $4x - 8y + 23 = 0 \Rightarrow 8y = 4x + 23$

$\therefore y = \frac{4x}{8} + \frac{23}{8} = \frac{1}{2}x + \frac{23}{8} \therefore \text{ঢাল} = \frac{1}{2}$

03. $3x + \sqrt{3}y - 10 = 0$ রেখাটি x -অক্ষের ধনাত্মক দিকের সাথে কত কোণ উৎপন্ন করে? [BB, MB'22]

(a) $\frac{\pi}{3}$ (b) $\frac{2\pi}{3}$ (c) $\frac{\pi}{6}$ (d) $\frac{5\pi}{6}$

সমাধান: (b); $3x + \sqrt{3}y - 10 = 0 \Rightarrow 3x + \sqrt{3}y = 10$


$= 10 \Rightarrow \frac{3x}{10} + \frac{\sqrt{3}y}{10} = 1 \Rightarrow \frac{x}{\frac{10}{3}} + \frac{y}{\frac{10}{\sqrt{3}}} = 1$

$\frac{x}{a} + \frac{y}{b} = 1$ স্থূলকোণ $\theta = \pi - \tan^{-1} \left| \frac{b}{a} \right|$

$= \pi - \tan^{-1} \left| \frac{\frac{10}{\sqrt{3}}}{\frac{10}{3}} \right| = \pi - \tan^{-1} \sqrt{3} = \pi - \frac{\pi}{3}$


$\theta = \frac{2\pi}{3}$

নিচের উদ্দীপকের আলোকে পরবর্তী প্রশ্নের উত্তর দাও:



04. OP রেখার ঢাল কত? [SB'21]
 (a) $-\sqrt{3}$ (b) $-\frac{1}{\sqrt{3}}$ (c) $\frac{1}{\sqrt{3}}$ (d) $\sqrt{3}$

সমাধান: (a); ঢাল, $m = \tan(90^\circ + 30^\circ)$
 $= -\cot 30^\circ = -\sqrt{3}$



05. একটি সরলরেখা (5, 5) ও (3, 7) বিন্দুগামী হলে রেখাটির ঢাল কত? [BB'21]
 (a) -2 (b) -1 (c) 3 (d) 10
 সমাধান: (b); $m = \frac{y_2 - y_1}{x_2 - x_1} = \frac{7 - 5}{3 - 5} = -1$

06. $x - \sqrt{3}y = 7$ সরলরেখার ঢাল কত? [RB'19]
 (a) $-\sqrt{3}$ (b) $-\frac{1}{\sqrt{3}}$ (c) $\frac{1}{\sqrt{3}}$ (d) $\sqrt{3}$

সমাধান: (c); $\sqrt{3}y = x - 7 \Rightarrow y = \frac{x}{\sqrt{3}} - \frac{7}{\sqrt{3}}$

$\therefore m = \frac{1}{\sqrt{3}}$


বিকল্প: ঢাল, $m = -\frac{x \text{ এর সহগ}}{y \text{ এর সহগ}} = -\frac{1}{(-\sqrt{3})} = \frac{1}{\sqrt{3}}$

নিচের উদ্দীপকের আলোকে পরবর্তী প্রশ্নের উত্তর দাও:
 $x + y + 3 = 0$

07. উপরোক্ত সরলরেখাটি x-অক্ষের ধনাত্মক দিকের সাথে কত ডিগ্রী কোণ উৎপন্ন করে? [Ctg.B'19]
 (a) 45° (b) 60° (c) 90° (d) 135°
 সমাধান: (d); $y = -x - 3 \therefore \tan \theta = -1 \Rightarrow \theta = 135^\circ$

CQ প্রশ্ন ও সমাধান

01.



[RB'22]

(খ) AC এবং BD রেখাদ্বয়ের ঢাল যথাক্রমে -2 এবং -1 হলে x- অক্ষকে CD রেখা যে বিন্দুতে ছেদ করে তার স্থানাঙ্ক নির্ণয় কর। 4

সমাধান

ঢাল = $\frac{\text{কোটিদ্বয়ের অন্তর}}{\text{ভুজদ্বয়ের অন্তর}} \therefore AC \text{ এর ঢাল} = \frac{k-5}{h-1} \therefore BD \text{ এর ঢাল} = \frac{h-2}{k-2}$

দেওয়া আছে, AC এর ঢাল = -2 এবং BD এর ঢাল = -1

শর্তমতে, $\frac{k}{h-1} = -2 \Rightarrow k - 5 = -2h + 2 \therefore k + 2h = 7 \dots \dots (i)$

আবার, $\frac{h-2}{k-2} = -1 \Rightarrow h - 2 = -k + 2 \therefore h + k = 4 \dots \dots (ii)$

এখন, (i) - (ii) $\Rightarrow (k + 2h) - (h + k) = 7 - 4 \Rightarrow k + 2h - h - k = 3 \therefore h = 3$


(ii) $\Rightarrow 3 + k = 4 \therefore k = 1$

$\therefore C$ ও D বিন্দুর স্থানাঙ্ক যথাক্রমে $C(3,1)$ এবং $D(1,3)$


$\therefore CD$ রেখার সমীকরণ, $\frac{x-x_1}{x_1-x_2} = \frac{y-y_1}{y_1-y_2} \Rightarrow \frac{x-3}{3-1} = \frac{y-1}{1-3} \Rightarrow \frac{x-3}{2} = \frac{y-1}{-2}$

$\Rightarrow x - 3 = -(y - 1) \Rightarrow x + y = 1 + 3 \Rightarrow x + y = 4 \therefore \frac{x}{4} + \frac{y}{4} = 1$

$\therefore CD$ রেখা x অক্ষকে (4, 0) বিন্দুতে ছেদ করে।



02.



; AB রেখার সমীকরণ $x + y = 4$; C, AB এর মধ্যবিন্দু।

[RB'21]

(ক) AB রেখা x-অক্ষের ধনাত্মক দিকের সাথে যে কোণ উৎপন্ন করে তা নির্ণয় কর।

2

সমাধান

ক. AB রেখার ঢাল, $m = -\frac{1}{1} = -1$

ধরি, x অক্ষের ধনাত্মক দিকের সাথে θ কোণ তৈরি করে,

$\therefore m = \tan\theta$ বা, $\tan\theta = -1 = \tan 135^\circ \therefore \theta = 135^\circ$ (Ans.)

Type-07: বিভিন্ন ধরনের সরলরেখার সমীকরণ নির্ণয়



→ Concept:

(i) অক্ষের সমীকরণ: x-অক্ষের সমীকরণ, $y = 0$ এবং y-অক্ষের সমীকরণ, $x = 0$


(ii) অক্ষদ্বয়ের সমান্তরাল সরলরেখা:

(a) একটি সরলরেখা x-অক্ষের সমান্তরাল এবং তার y-অক্ষের খণ্ডিতাংশ b হলে, রেখাটির সমীকরণ, $y = b$


(b) একটি সরলরেখা y-অক্ষের সমান্তরাল এবং তার x-অক্ষের খণ্ডিতাংশ a হলে, রেখাটির সমীকরণ, $x = a$



(iii) মূলবিন্দুগামী সরলরেখার সমীকরণ: একটি সরলরেখা মূলবিন্দুগামী এবং ঢাল m তবে রেখাটির সমীকরণ, $y = mx$




(iv) মূলবিন্দু এবং একটি নির্দিষ্ট বিন্দুগামী সরলরেখার সমীকরণ:




একটি সরলরেখা মূলবিন্দু $(0,0)$ এবং $A(x_1, y_1)$ [নির্দিষ্ট বিন্দু] বিন্দুগামী হয় তাহলে তার সমীকরণ, $y = \frac{y_1}{x_1}x$

(v) সরলরেখার ঢাল সমীকরণ: একটি সরল রেখার ঢাল m এবং y- অক্ষের খণ্ডিতাংশ c, তবে সরলরেখাটির সমীকরণ হবে, $y = mx + c$




- (vi) এক বিন্দুগামী সরলরেখার সমীকরণ: একটি সরলরেখার ঢাল m এবং রেখাটি (x_1, y_1) বিন্দুগামী তবে রেখাটির সমীকরণ হবে,


$$y - y_1 = m(x - x_1)$$




- (vii) দুই বিন্দুগামী সরলরেখার সমীকরণ: $A(x_1, y_1)$ এবং $B(x_2, y_2)$ হলে, AB সরলরেখার সমীকরণ, $\frac{y-y_1}{y_1-y_2} = \frac{x-x_1}{x_1-x_2}$




- (viii) সরলরেখার ছেদক আকৃতির সমীকরণ: একটি সরলরেখার x এবং y -অক্ষের ছেদক অংশ যথাক্রমে a এবং b হলে রেখাটির সমীকরণ হবে, $\frac{x}{a} + \frac{y}{b} = 1$



- (ix) সরলরেখার লম্ব আকৃতির সমীকরণ: মূলবিন্দু থেকে যে রেখার উপর অঙ্কিত লম্বের দৈর্ঘ্য P এবং উক্ত লম্ব x -অক্ষের ধনাত্মক দিকের সাথে α কোণ তৈরি করে, এরূপ রেখার সমীকরণ, $x \cos \alpha + y \sin \alpha = p$



- (x) সরলরেখার দূরত্ব আকৃতির সমীকরণ:



যদি একটি সরলরেখার উপরস্থ $Q(x_1, y_1)$ একটি নির্দিষ্ট বিন্দু হয় এবং উক্ত বিন্দু থেকে কোন চলমান বিন্দু $P(x, y)$ এর দূরত্ব r (variable) হয় তাহলে সরলরেখাটির সমীকরণ, $\frac{x-x_1}{\cos \theta} = \frac{y-y_1}{\sin \theta} = \pm r$
 যেখানে, θ হলো সরলরেখাটির x অক্ষের ধনাত্মক দিকের সাথে উৎপন্ন কোণ।

MCQ প্রশ্ন ও সমাধান


নিচের তথ্যের আলোকে পরবর্তী প্রশ্নের উত্তর দাও:

$x + y = 3$ এবং $x - y = 3$ দুইটি রেখার সমীকরণ।

01. রেখাদ্বয় Y-অক্ষের সাথে যে ত্রিভুজ উৎপন্ন করে তার ক্ষেত্রফল কত বর্গ একক? [RB'22] [Ans: b]

(a) 6 (b) 9 (c) 12 (d) 18

সমাধান: (b);



\therefore ক্ষেত্রফল = $\left(\frac{1}{2} \times 3 \times 3\right) \times 2 = 9$ বর্গ একক।

02. $(-5, 10)$ বিন্দুগামী সরলরেখা x-অক্ষের ধনাত্মক দিকের সাথে $\tan^{-1} \frac{3}{4}$ কোণ উৎপন্ন করে। সরলরেখার সমীকরণ- [Ctg.B'22]

(a) $4x + 3y - 10 = 0$ (b) $3x - 4y + 55 = 0$
(c) $3x + 4y + 55 = 0$ (d) $4x + 3y + 30 = 0$

সমাধান: (b); $(y - y_1) = m(x - x_1)$

$$\Rightarrow (y - 10) = \tan \left[\tan^{-1} \frac{3}{4} \right] (x + 5)$$

$$\Rightarrow (y - 10) = \frac{3}{4} (x + 5) \Rightarrow 4y - 40 = 3x + 15$$

$$\Rightarrow 3x - 4y + 55 = 0$$

03. $2x + 3y = 8$ রেখা দ্বারা- [SB'22] [Ans: a]

(i) x-অক্ষের খণ্ডিতাংশ 4

(ii) অক্ষদ্বয়ের সাথে গঠিত ত্রিভুজের ক্ষেত্রফল $\frac{16}{3}$ বর্গ একক

(iii) y-অক্ষকে $(0, 8)$ বিন্দুতে ছেদ করে

নিচের কোনটি সঠিক?

(a) i, ii (b) i, iii (c) ii, iii (d) i, ii, iii

04. যে সরলরেখা x- অক্ষের ধনাত্মক দিকের সাথে 60° কোণ উৎপন্ন করে এবং মূলবিন্দু দিয়ে যায় তার সমীকরণ কোনটি? [BB'22; Ctg.B'21]

(a) $x = \sqrt{3}y$

(b) $y = \sqrt{3}x$

(c) $y + \sqrt{3}x = 0$

(d) $\sqrt{3}y + x = 0$

সমাধান: (b); মূলবিন্দুগামী রেখা, $y = mx$; m

$$= \tan 60^\circ = \sqrt{3} \therefore y = mx = \sqrt{3}x$$

নিচের তথ্যের আলোকে পরবর্তী প্রশ্নের উত্তর দাও:

$3x - 4y - 12 = 0$ সরলরেখাটি x ও y অক্ষকে যথাক্রমে

A ও B বিন্দুতে ছেদ করে,

05. B বিন্দুর স্থানাঙ্ক কত? [JB'22] [Ans: c]

(a) (4, 0) (b) (0, 3) (c) (0, -3) (d) (0, 4)

06. $x + y - 4 = 0$ সরলরেখাটি অক্ষদ্বয়ের সাথে যে ত্রিভুজ তৈরি করে তার ক্ষেত্রফল কত বর্গ একক? [JB'22] [Ans: b]

(a) 4 (b) 8 (c) 16 (d) 32

07. $4x - 5y + 9 = 0$ সরলরেখাটির - [CB'22]

(i) ঢাল = $\frac{4}{5}$ (ii) x-অক্ষের খণ্ডিতাংশ = $\frac{9}{4}$

(iii) y-অক্ষের ছেদবিন্দু = $\left(0, \frac{9}{5}\right)$

নিচের কোনটি সঠিক?

(a) i, ii (b) i, iii (c) ii, iii (d) i, ii, iii

সমাধান: (d); (i) $4x - 5y + 9 = 0$

$$\Rightarrow 5y = 4x + 9 \Rightarrow y = \frac{4}{5}x + \frac{9}{5}$$

$$\therefore \text{ঢাল} = \frac{4}{5} \Rightarrow 4x - 5y = -9 \Rightarrow \frac{4x}{-9} - \frac{5y}{-9} = 1$$

$$\Rightarrow \frac{x}{\left(\frac{-9}{4}\right)} + \frac{y}{\left(\frac{9}{5}\right)} = 1$$

(ii) x অক্ষের খণ্ডিতাংশ = $\left| -\frac{9}{4} \right| = \frac{9}{4}$ (iii)

\therefore y অক্ষের ছেদবিন্দু $\equiv \left(0, \frac{9}{5}\right)$

নিচের তথ্যের আলোকে পরবর্তী প্রশ্নের উত্তর দাও:

$\sqrt{2}x - y + 5 = 0$ একটি সরলরেখার সমীকরণ।

08. প্রদত্ত সরলরেখার দ্বারা y-অক্ষের খণ্ডিতাংশের দৈর্ঘ্য কোনটি? [CB'22]

(a) -5 (b) $-\frac{5}{\sqrt{2}}$ (c) $\frac{5}{\sqrt{2}}$ (d) 5

সমাধান: (d); $\sqrt{2}x - y + 5 = 0 \Rightarrow y = \sqrt{2}x + 5$


\therefore y অক্ষের খণ্ডিতাংশ = 5

09. $px + qy = pq$ সরলরেখাটি x ও y অক্ষদ্বয় হতে যথাক্রমে যে যে অংশ খণ্ডন করে তাদের দৈর্ঘ্য- [Ctg.B'21]

(a) p, q (b) q, p (c) $\frac{1}{p}, \frac{1}{q}$ (d) $\frac{1}{q}, \frac{1}{p}$

সমাধান: (b); $px + qy = pq \Rightarrow \frac{x}{q} + \frac{y}{p} = 1$

নিচের উদ্দীপকের আলোকে পরবর্তী প্রশ্নের উত্তর দাও:



10. $OP = 2$ হলে, AB রেখার সমীকরণ কোনটি? [SB'21]

(a) $x + \sqrt{3}y + 4 = 0$ (b) $x - \sqrt{3}y + 4 = 0$

(c) $\sqrt{3}x + y + 4 = 0$ (d) $\sqrt{3}x - y + 4 = 0$

সমাধান: (b); $x \cos 120^\circ + y \sin 120^\circ = OP$

$$\Rightarrow -\frac{x}{2} + \frac{\sqrt{3}y}{2} = 2 \Rightarrow x - \sqrt{3}y + 4 = 0$$

11. $3x + 4y - 12 = 0$ সরলরেখাটি অক্ষদ্বয়ের সাথে একটি ত্রিভুজ গঠন করলে- [BB'21]

- (i) ত্রিভুজটির ক্ষেত্রফল 6 বর্গ একক
(ii) ত্রিভুজটি ১ম চতুর্ভাগে অবস্থিত
(iii) অক্ষদ্বয় কর্তৃক রেখাটির খণ্ডিত অংশের পরিমাণ 5 একক নিচের কোনটি সঠিক?
(a) i, ii (b) ii, iii (c) i, iii (d) i, ii, iii
সমাধান: (d); $3x + 4y = 12 \Rightarrow \frac{x}{4} + \frac{y}{3} = 1$

∴ ত্রিভুজটি ১ম চতুর্ভাগে অবস্থিত

অক্ষদ্বয়ের মধ্যবর্তী খণ্ডিতাংশ = $\sqrt{3^2 + 4^2} = 5$ একক

∴ ত্রিভুজের ক্ষেত্রফল = $\frac{1}{2} \times 3 \times 4 = 6$ বর্গ একক।

নিচের উদ্দীপকের আলোকে পরবর্তী প্রশ্নের উত্তর দাও:

$2x + 2y - \sqrt{5} = 0$ একটি সরলরেখার সমীকরণ।

12. উদ্দীপকের সরলরেখাটি দ্বারা স্থানাঙ্কের অক্ষদ্বয়ের সহিত উৎপন্ন ত্রিভুজের ক্ষেত্রফল নিচের কোনটি? [BB'21]

- (a) $\frac{5}{8}$ বর্গ একক (b) $\frac{5}{4}$ বর্গ একক
(c) $\frac{5}{2}$ বর্গ একক (d) $4\sqrt{5}$ বর্গ একক

সমাধান: (a); $2x + 2y = \sqrt{5} \Rightarrow \frac{x}{\frac{\sqrt{5}}{2}} + \frac{y}{\frac{\sqrt{5}}{2}} = 1$

∴ ক্ষেত্রফল = $\frac{1}{2} \times \left(\frac{\sqrt{5}}{2}\right)^2 = \frac{5}{8}$ বর্গ একক।

13. একটি সরলরেখার ঢাল $\frac{2}{3}$ এবং y- অক্ষের খণ্ডিতাংশ -5 হলে, রেখাটির সমীকরণ- [CB'21]

- (a) $2x + 3y = 15$ (b) $3x + 2y = 15$
(c) $2x - 3y = 15$ (d) $3x - 2y = 15$

সমাধান: (c); সমীকরণ, $y = \frac{2}{3}x - 5$

$\Rightarrow 3y = 2x - 15 \Rightarrow 2x - 3y = 15$

14. (1, 2) ও (3, -2) বিন্দুগামী রেখার অক্ষ দুটির মধ্যবর্তী খণ্ডিতাংশের দৈর্ঘ্য কত? [CB'21]

- (a) $2\sqrt{5}$ (b) $3\sqrt{5}$ (c) $5\sqrt{2}$ (d) $5\sqrt{3}$

সমাধান: (a); $\frac{y-y_1}{y_2-y_1} = \frac{x-x_1}{x_2-x_1} \Rightarrow \frac{y-2}{-2} = \frac{x-1}{1-3}$

$\Rightarrow \frac{y-2}{-2} = \frac{x-1}{-2} \Rightarrow y-2 = -2x+2$

$\Rightarrow 2x+y=4 \Rightarrow \frac{x}{2} + \frac{y}{4} = 1$

∴ অক্ষদ্বয়ের মধ্যবর্তী খণ্ডিতাংশের

দৈর্ঘ্য = $\sqrt{4^2 + 2^2} = 2\sqrt{5}$ একক।

15. $ax + by + c = 0$ সমীকরণটি একটি সরলরেখা নির্দেশ করে। [MB'21]


- (i) সরলরেখাটির ঢাল $-\frac{a}{b}$
(ii) $c = 0$ হলে সেটি মূলবিন্দুগামী
(iii) অক্ষদ্বয়ের সাথে যে ত্রিভুজ উৎপন্ন করে তার ক্ষেত্রফল = $\frac{1}{2}|ab|$ বর্গ একক

নিচের কোনটি সঠিক?

- (a) i, ii (b) i, iii (c) ii, iii (d) i, ii, iii
সমাধান: (a); (iii) এর ক্ষেত্রে $ax + by = -c$

$\Rightarrow \frac{x}{-\frac{c}{a}} + \frac{y}{-\frac{c}{b}} = 1 \therefore \Delta = \frac{1}{2} \left| \left(-\frac{c}{a}\right) \left(-\frac{c}{b}\right) \right| = \frac{1}{2} \times \left| \frac{c^2}{ab} \right|$

16. $3x + 4y = 12$ সরলরেখাটির লেখচিত্র কোনটি? [RB'19]



সমাধান: (c); $3x + 4y = 12 \Rightarrow \frac{x}{4} + \frac{y}{3} = 1$

17. $y = x$ সরলরেখাটি- [SB'19]


- (i) মূলবিন্দুগামী (ii) ঢাল 1
(iii) উভয় অক্ষের সাথে 45° কোণ উৎপন্ন করে

নিচের কোনটি সঠিক?

- (a) i, ii (b) i, iii (c) ii, iii (d) i, ii, iii

18. $x = 0, x = 4, y = 2, y = 6$ রেখাগুলো দ্বারা আবদ্ধ এলাকার ক্ষেত্রফল কত বর্গ একক? [JB'19]

- (a) 24 (b) 16 (c) 12 (d) 8



সমাধান: (b);

∴ ক্ষেত্রফল = $4 \times 4 = 16$ বর্গ একক


19. $3x - 2y + 6 = 0$ সরলরেখা দ্বারা x-অক্ষের খণ্ডিতাংশ কত একক? [Ctg.B'17]

- (a) -3 (b) -2 (c) 2 (d) 3

সমাধান: (c); $3x - 2y = -6 \Rightarrow \frac{x}{-2} + \frac{y}{3} = 1$

Note: দূরত্ব (-) হয়না।

CQ প্রশ্ন ও সমাধান




[DB'22]

(ক) AB কে ঢাল আকারে প্রকাশ করে ইহার ঢাল নির্ণয় কর।

2

সমাধান

ক. দেওয়া আছে, $AB = 4x + 3y - 12 = 0 \Rightarrow 3y = -4x + 12 \therefore y = -\frac{4}{3}x + 4 \dots \dots (i)$

(i) নং সমীকরণটি AB কে ঢাল আকারে প্রকাশিত রূপ।(i) কে $y = mx + c$ সমীকরণের সাথে তুলনা করে পাই, $m = -\frac{4}{3}$ এবং $c = 4$ 



[RB'22]

(খ) AC এবং BD রেখাছয়ের ঢাল যথাক্রমে -2 এবং -1 হলে x - অক্ষকে CD রেখা যে বিন্দুতে ছেদ করে তার স্থানাঙ্ক নির্ণয় কর।

4

সমাধান

ঢাল = $\frac{\text{কোটিংয়ের অন্তর}}{\text{ভূজয়ের অন্তর}} \therefore AC$ এর ঢাল = $\frac{k-5}{h-1}$ $\therefore BD$ এর ঢাল = $\frac{h-2}{k-2}$

দেওয়া আছে, AC এর ঢাল = -2 এবং BD এর ঢাল = -1 শর্তমতে, $\frac{k}{h-1} = -2 \Rightarrow k - 5 = -2h + 2 \therefore k + 2h = 7 \dots \dots (i)$ আবার, $\frac{h-2}{k-2} = -1 \Rightarrow h - 2 = -k + 2 \therefore h + k = 4 \dots \dots (ii)$ এখন, (i) - (ii) $\Rightarrow (k + 2h) - (h + k) = 7 - 4 \Rightarrow k + 2h - h - k = 3 \therefore h = 3$ (ii) $\Rightarrow 3 + k = 4 \therefore k = 1$ $\therefore C$ ও D বিন্দুর স্থানাঙ্ক যথাক্রমে $C(3,1)$ এবং $D(1,3)$ $\therefore CD$ রেখার সমীকরণ, $\frac{x-x_1}{x_1-x_2} = \frac{y-y_1}{y_1-y_2} \Rightarrow \frac{x-3}{3-1} = \frac{y-1}{1-3} \Rightarrow \frac{x-3}{2} = \frac{y-1}{-2}$ $\Rightarrow x - 3 = -(y - 1) \Rightarrow x + y = 1 + 3 \Rightarrow x + y = 4 \therefore \frac{x}{4} + \frac{y}{4} = 1$ $\therefore CD$ রেখা x অক্ষকে $(4,0)$ বিন্দুতে ছেদ করে।

[Ctg.B'22]

(ক) $(3,6)$ বিন্দুগামী $\frac{1}{3}x + 5y + 8 = 0$ রেখার সমান্তরাল রেখার সমীকরণ নির্ণয় কর।

2


সমাধান

ক. $(3,6)$ বিন্দুগামী ও m ঢাল বিশিষ্ট সরলরেখার সমীকরণ: $y - 6 = m(x - 3) \dots \dots (i)$ এখন, $\frac{x}{3} + 5y + 8 = 0 \Rightarrow 5y = -\frac{x}{3} - 8$ $\Rightarrow y = -\frac{x}{15} - \frac{8}{5} \therefore y = \left(-\frac{1}{15}\right)x + \left(-\frac{8}{5}\right)$ অর্থাৎ, $m = -\frac{1}{15}$ সুতরাং, $(3,6)$ বিন্দুগামী ও $\frac{1}{3}x + 5y + 8 = 0$ রেখার সমান্তরাল রেখার সমীকরণ: $y - 6 = -\frac{1}{15}(x - 3)$ (Ans.)


04. উদ্দীপকে-১: AB সরলরেখাটি প্রথম চতুর্ভাগে $\frac{32}{\sqrt{3}}$ বর্গ একক ক্ষেত্রফলবিশিষ্ট ΔOAB গঠন করে এবং মূলবিন্দু হতে AB এর উপর লম্ব OP যা x- অক্ষের ধনাত্মক দিকের সাথে 60° কোণে আনত। [CB'22]
(খ) উদ্দীপক-১ এ উল্লিখিত AB এর সমীকরণ নির্ণয় কর। 4

সমাধান

- মনে করি, সরলরেখাটির সমীকরণ: $x \cos \alpha + y \sin \alpha = P$
 $x \cos 60^\circ + y \sin 60^\circ = P$ [প্রদত্ত $\alpha = 60^\circ$]
 $\Rightarrow \frac{x}{2} + \frac{\sqrt{3}y}{2} = P \Rightarrow \frac{x}{2P} + \frac{\sqrt{3}y}{2P} = 1 \Rightarrow \frac{x}{2P} + \frac{y}{\frac{2P}{\sqrt{3}}} = 1$
 এটিকে $\frac{x}{a} + \frac{y}{b} = 1$ এর সাথে তুলনা করে পাই, $a = 2P, b = \frac{2P}{\sqrt{3}}$
 প্রশ্নমতে, $\frac{1}{2} \times 2P \times \frac{2P}{\sqrt{3}} = \frac{32}{\sqrt{3}}$
 $2P^2 = 32 \Rightarrow P^2 = 16 \therefore P = 4$ [\because P সর্বদা ধনাত্মক]
 \therefore নির্ণেয় সরলরেখার সমীকরণ: $\frac{x}{2} + \frac{\sqrt{3}y}{2} = 4 \Rightarrow x + \sqrt{3}y - 8 = 0$ (Ans.)




05. x' x ; চিত্রে $OA = 4, OB = 2$ এবং $OC = 3$ [Din.B'22]



- (ক) $(2, -3)$ বিন্দুগামী এবং x- অক্ষের ধনাত্মক দিকের সাথে 45° কোণ এমন সরলরেখার সমীকরণ নির্ণয় কর। 2

সমাধান


- ক. দেওয়া আছে, কোনো সরলরেখা $(2, -3)$ বিন্দুগামী এবং x- অক্ষের ধনাত্মক দিকের সাথে 45° কোণ উৎপন্ন করে।
 \therefore সরলরেখাটির ঢাল, $m = \tan 45^\circ = 1$
 \therefore সরলরেখাটির সমীকরণ: $(y + 3) = 1(x - 2) \Rightarrow y + 3 = x - 2 \Rightarrow x - y - 5 = 0$
 \therefore সরলরেখাটির সমীকরণ হলো $x - y - 5 = 0$



- (খ) যদি $\Delta AOB = 8$ বর্গ একক হয়, তবে AB রেখার সমীকরণ নির্ণয় কর। 4

সমাধান

- মনে করি, $x \cos \alpha + y \sin \alpha = P \Rightarrow x \cos 45^\circ + y \sin 45^\circ = P \Rightarrow \frac{x}{\sqrt{2}} + \frac{y}{\sqrt{2}} = P \Rightarrow \frac{x}{\sqrt{2}P} + \frac{y}{\sqrt{2}P} = 1$
 প্রশ্নমতে, $\frac{1}{2} \times \sqrt{2}P \times \sqrt{2}P = 8 \Rightarrow P^2 = 8 \therefore P = 2\sqrt{2}$
 \therefore নির্ণেয় রেখার সমীকরণ: $\frac{x}{\sqrt{2}} + \frac{y}{\sqrt{2}} = 2\sqrt{2} \Rightarrow x + y = 4 \therefore x + y - 4 = 0$ (Ans.)




- (খ) উদ্দীপক হতে, CD সরলরেখার সমীকরণ নির্ণয় কর। 4



- (গ) উদ্দীপক বর্ণিত ΔOAB এর ক্ষেত্রফল 18 বর্গ একক হলে, AB সরলরেখার সমীকরণ নির্ণয় কর। 4

সমাধান

৬. x-অক্ষের সাথে CD সরলরেখার উৎপন্ন কোণ $90^\circ + 45^\circ = 135^\circ$
আবার, CD সরলরেখা (0,0) বিন্দুগামী
 \therefore CD সরলরেখার সমীকরণ, $y - 0 = (\tan 135^\circ)(x - 0)$
 $\Rightarrow y = -(x) \Rightarrow x + y = 0$ (Ans.)



৭. ধরি, OA = a, OB = b
 \therefore AB সরলরেখার সমীকরণ $\frac{x}{a} + \frac{y}{b} = 1$
এখানে, $\frac{1}{2} \times ab = 18 \Rightarrow ab = 36 \dots\dots\dots$ (i)
এবং $a \cos 45^\circ = b \cos 45^\circ = p \Rightarrow a = b \dots\dots\dots$ (ii)
 \therefore (i) হতে পাই, $\therefore a^2 = 36 \Rightarrow a = 6 [a > 0] \therefore b = 6$
 \therefore AB রেখার সমীকরণ $\frac{x}{6} + \frac{y}{6} = 1 \Rightarrow x + y - 6 = 0$ (Ans.)




[Ctg.B'21]

- (খ) (3, 1) বিন্দু থেকে AB রেখার উপর অঙ্কিত লম্বের পাদবিন্দুর স্থানাঙ্ক নির্ণয় কর।

4

সমাধান

৬. AB রেখার সমীকরণ, $2x - y + 7 = 0 \dots\dots\dots$ (i)
AB রেখার ঢাল, $m = -\frac{2}{-1} = 2$
 \therefore AB এর উপর লম্ব রেখার ঢাল, $-\frac{1}{2}$ এবং এটি (3, 1) বিন্দুগামী হলে AB এর উপর লম্ব রেখাটির সমীকরণ হবে-
 $(y - 1) = -\frac{1}{2}(x - 3) \Rightarrow 2y - 2 + x - 3 = 0 \Rightarrow x + 2y - 5 = 0 \dots\dots\dots$ (ii)
(i) ও (ii) হতে পাই, $\frac{y-7}{2} = 5 - 2y \Rightarrow y - 7 = 10 - 4y \Rightarrow y = \frac{17}{5}$
(ii) হতে পাই, $\therefore x = -\frac{9}{5} \therefore$ লম্বের পাদবিন্দু $(-\frac{9}{5}, \frac{17}{5})$ (Ans.)




[SB'21]

- (ক) $(-6, 2)$ বিন্দুগামী এবং X-অক্ষের ধনাত্মক দিকের সাথে 60° কোণ উৎপন্ন করে এরূপ সরলরেখার সমীকরণ নির্ণয় কর। 2
(খ) E বিন্দুগামী এবং AB রেখার উপর লম্ব রেখার সমীকরণ নির্ণয় কর। 4

সমাধান

- ক. নির্ণয় সমীকরণ $y - y_1 = m(x - x_1) \Rightarrow y - 2 = \tan 60^\circ (x + 6)$
 $\Rightarrow y - 2 = \sqrt{3}x + 6\sqrt{3} \Rightarrow \sqrt{3}x - y + 2 + 6\sqrt{3} = 0$ (Ans.)
৬. DC রেখার সমীকরণ $\frac{x}{8} + \frac{y}{-4} = 1 \Rightarrow x - 2y - 8 = 0 \dots\dots\dots$ (i)
AB রেখার সমীকরণ $x + 2y - 4 = 0 \dots\dots\dots$ (ii)
Solving (i) & (ii) $\Rightarrow E(6, -1)$
 \therefore AB রেখার উপর লম্ব এবং E বিন্দুগামী রেখার সমীকরণ, $2x - y = 12 + 1 \Rightarrow 2x - y - 13 = 0$ (Ans.)




[BB'21]

(ক) $(0, -3)$ ও $(5, 0)$ বিন্দুদ্বয়ের সংযোজক সরলরেখার সমান্তরাল এবং $(3, 5)$ বিন্দুগামী সরলরেখার সমীকরণ নির্ণয় কর। 2

সমাধান

ক. নির্ণেয় রেখাটির ঢাল, $m = \frac{3}{5}$

\therefore রেখাটি $y - y_1 = m(x - x_1) \Rightarrow y - 5 = \frac{3}{5}(x - 3) \Rightarrow 5y - 25 = 3x - 9 \Rightarrow 3x - 5y + 16 = 0$ (Ans.)



[MB'21]

(খ) AB সরলরেখার সমীকরণ নির্ণয় কর।

4

সমাধান

ধরি, AB সরলরেখার সমীকরণ $\frac{x}{a} + \frac{y}{b} = 1$ (i)

$\therefore OA = a, OB = b \therefore a - b = 3$ (ii)


এবং (i) নং রেখা $(10, -2)$ বিন্দুগামী, $\therefore \frac{10}{a} + \frac{-2}{b} = 1$

$\Rightarrow 10b - 2a = ab \Rightarrow 10b - 2(b + 3) = b(b + 3) \Rightarrow 8b - 6 = b^2 + 3b \Rightarrow b^2 - 5b + 6 = 0$

$\Rightarrow b^2 - 3b - 2b + 6 = 0 \Rightarrow b(b - 3) - 2(b - 3) = 0 \Rightarrow (b - 3)(b - 2) = 0 \therefore b = 3$ অথবা $b = 2$

$\Rightarrow a = 6$ অথবা $a = 5 \therefore AB$ এর সমীকরণ $\frac{x}{6} + \frac{y}{3} = 1$

$\Rightarrow x + 2y - 6 = 0$ অথবা, $\frac{x}{5} + \frac{y}{2} = 1 \Rightarrow 2x + 5y - 10 = 0$ (Ans.)



[BB'19]

(খ) OP ও OQ সরলরেখার সমীকরণসমূহ নির্ণয় কর।

4

সমাধান

ক. P এবং Q বিন্দু দুটি AB কে সমান তিনভাগে করে। অর্থাৎ, AB কে P বিন্দুটি 1:2 অনুপাতে অন্তর্বিভক্ত করে।


\therefore P বিন্দুর স্থানাঙ্ক, $\left(\frac{1 \times 0 + 2 \times 4}{2+1}, \frac{1 \times 3 + 2 \times 0}{2+1}\right)$ বা $\left(\frac{8}{3}, 1\right)$

আবার, PB এর মধ্যবিন্দু Q. \therefore Q বিন্দুর স্থানাঙ্ক $\left(\frac{\frac{8}{3} + 0}{2}, \frac{3 + 1}{2}\right)$ বা $\left(\frac{4}{3}, 2\right)$

OP এর সমীকরণ, $y = \frac{1}{8/3}x \Rightarrow 8y = 3x \therefore 3x - 8y = 0$

OQ এর সমীকরণ, $y = \frac{2}{4/3}x \Rightarrow 2y = 3x \therefore 3x - 2y = 0$ (Ans.)





[Din.B'19]

(গ) উদ্দীপক হতে PR কর্ণের সমীকরণ নির্ণয় কর।

4

সমাধান

- গ. QR সরলরেখার সমীকরণ $y = 2$; $y = 2$ হলে $y = -2x$ হতে $x = -1$
 \therefore R বিন্দুটি $(-1, 2)$; $O(0, 0)$ I $Q(-4, 2)$ এর মধ্যবিন্দু $(-2, 1)$
 ধরি, P বিন্দু (x_1, y_1) $\therefore \frac{x_1 - 1}{2} = -2 \Rightarrow x_1 = -3$; $\frac{y_1 + 2}{2} = 1 \therefore y_1 = 0$
 $\therefore P(-3, 0)$ ও $R(-1, 2)$ বিন্দুগামী সরলরেখার সমীকরণ: $y - 0 = \frac{2-0}{-1+3}(x+3) \Rightarrow y = x + 3$ (Ans.)

Type-08: সামান্তরাল ও লম্ব হবার শর্ত ও সমীকরণ নির্ণয়

Concept:

সামান্তরাল হবার শর্ত:

 $a_1x + b_1y + c_1 = 0$ এবং $a_2x + b_2y + c_2 = 0$ সরলরেখাদ্বয়ের ঢাল যথাক্রমে, $m_1 = -\frac{a_1}{b_1}$ এবং $m_2 = -\frac{a_2}{b_2}$.

 সরলরেখাদ্বয় সামান্তরাল হবার শর্ত, $m_1 = m_2$ বা, $\frac{a_1}{a_2} = \frac{b_1}{b_2}$

সামান্তরাল রেখার সমীকরণ নির্ণয়:

 (i) $ax + by + c = 0$ রেখার সামান্তরাল রেখার সমীকরণ, $ax + by + k = 0$ [x ও y এর সহগ ও চিহ্ন একই থাকবে এবং c এর পরিবর্তে নতুন ধ্রুবক k বসবে]

 (ii) $ax + by + c = 0$ রেখার সামান্তরাল এবং (x_1, y_1) বিন্দুগামী রেখার সমীকরণ, $ax + by = ax_1 + by_1$ [x ও y এর সহগ ও চিহ্ন একই থাকবে, বামপক্ষে প্রাপ্ত রাশিমালার (x, y) এর পরিবর্তে (x_1, y_1) বসিয়ে ডানপক্ষে লিখতে হবে]

 লম্ব হবার শর্ত: $a_1x + b_1y + c_1 = 0$ এবং $a_2x + b_2y + c_2 = 0$ সরলরেখাদ্বয়ের ঢাল যথাক্রমে $m_1 = -\frac{a_1}{b_1}$ এবং $m_2 = -\frac{a_2}{b_2}$.

 সরলরেখাদ্বয় লম্ব হবার শর্ত, $m_1m_2 = -1$ [তাদের ঢালের গুণফল $= -1$] $\therefore a_1a_2 + b_1b_2 = 0$

লম্ব রেখার সমীকরণ নির্ণয়:

 (i) $ax + by + c = 0$ এর লম্ব রেখার সমীকরণ, $bx - ay + k = 0$ [x ও y এর সহগ interchange করতে হবে, x বা y এর যেকোন একটির চিহ্ন বিপরীত করতে হবে এবং c এর স্থানে নতুন ধ্রুবক k যোগ করতে হবে]

 (ii) $ax + by + c = 0$ এর লম্ব এবং (x_1, y_1) বিন্দুগামী রেখার সমীকরণ, $bx - ay = bx_1 - ay_1$ [x ও y এর সহগ interchange করতে হবে, x ও y এর যেকোন একটির চিহ্ন বিপরীত করতে হবে এবং বামপক্ষের রাশিমালাতে (x, y) এর পরিবর্তে (x_1, y_1) বসিয়ে ডানপক্ষে লিখতে হবে।]

MCQ প্রশ্ন ও সমাধান

 01. $(1, 2)$ বিন্দুগামী $2x - 3y - 9 = 0$ রেখার উপর লম্বরেখার সমীকরণ কোনটি? [RB'22]

- (a) $3x + 2y + 7 = 0$ (b) $3x + 2y - 7 = 0$
 (c) $2x - 3y + 4 = 0$ (d) $2x - 3y - 4 = 0$

 সমাধান: (b); লম্বরেখার সমীকরণ, $3x + 2y = k$
 $= 3 \cdot 1 + 2 \cdot 2 \Rightarrow 3x + 2y = 7 \Rightarrow 3x + 2y - 7 = 0$

নিচের তথ্যের আলোকে পরবর্তী প্রশ্নের উত্তর দাও:

 $(\sqrt{3}, 1)$ বিন্দু হতে $\sqrt{3}x - y + 8 = 0$ সরলরেখার উপর অঙ্কিত লম্বের দৈর্ঘ্য P এবং লম্ব রেখাটি x -অক্ষের সাথে θ কোণ উৎপন্ন করলে-
02. θ -এর মান-

[SB'22]

- (a) 30° (b) 120° (c) 60° (d) 150°

 সমাধান: (d); $\sqrt{3}x - y = -8 \Rightarrow \frac{x}{-\frac{8}{\sqrt{3}}} + \frac{y}{8} = 1$
প্রদত্ত রেখার ঢাল $\sqrt{3}$
 \therefore এর লম্বরেখার ঢাল $-\frac{1}{\sqrt{3}} \therefore \theta = 150^\circ$ [$\tan \theta = \frac{1}{\sqrt{3}}$]

নিচের তথ্যের আলোকে পরবর্তী প্রশ্নের উত্তর দাও:

 $3x - 4y - 12 = 0$ সরলরেখাটি x ও y অক্ষকে যথাক্রমে A ও B বিন্দুতে ছেদ করে,


03. উদ্দীপকের সরলরেখার উপর লম্ব এবং (1, 2) বিন্দুগামী সরলরেখার সমীকরণ কোনটি?

[JB, CB, BB'22; DB, RB, SB, BB, JB, MB'21]

- (a) $4x + 3y - 10 = 0$ (b) $4x + 3y - 12 = 0$
(c) $3x - 4y + 12 = 0$ (d) $4x - 3y - 10 = 0$

সমাধান: (a); $3x - 4y - 12 = 0$ রেখার উপর লম্ব এবং

(1, 2) বিন্দুগামী রেখা, $4x + 3y = 4 \times 1 + 3 \times 2$
 $\Rightarrow 4x + 3y = 10 \Rightarrow 4x + 3y - 10 = 0$

04. $3x - 5y + 7 = 0$ রেখার উপর লম্ব এবং (2,1) বিন্দুগামী রেখার সমীকরণ কোনটি? [CB'22] [Ans: a]

- (a) $5x + 3y - 13 = 0$ (b) $5x + 3y + 13$
(c) $3x + 5y - 13 = 0$ (d) $5x - 3y - 13 = 0$

নিচের তথ্যের আলোকে পরবর্তী প্রশ্নের উত্তর দাও:

